“কিয়ামতের দিন মুমিনের জন্য মীযানের পাল্লায় সদ্ব্যবহারের চেয়ে অধিক ভারি আর কিছু হবে না। আল্লাহ তা’আলা অশ্লীল এবং কটুভাষীকে অবশ্যই ঘৃণা করেন।”

আবূ দারদা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “কিয়ামতের দিন মুমিনের জন্য মীযানের পাল্লায় সদ্ব্যবহারের চেয়ে অধিক ভারি
আর কিছু হবে না। আল্লাহ তা’আলা অশ্লীল এবং কটুভাষীকে অবশ্যই ঘৃণা করেন।”
[সহীহ] [এটি আবূ দাঊদ ও তিরমিযী বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ হাদীসে সংবাদ দিয়েছেন যে, কিয়ামতের দিন মুমিনের কাজ ও কথার মধ্যে মীযানের পাল্লায় অধিকতর ভারি হবে সদ্ব্যবহার। আর তা হলো হাস্যোজ্জল চেহারায় কারো সাথে সাক্ষাত করা, কষ্টদেয়া থেকে বিরত থাকা ও অন্যের ভালো করা। আর আল্লাহ তা’আলা অশ্লীল কথা ও কাজ এবং কটুভাষীকে অবশ্যই ঘৃণা করেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5371